

POLITICAL SCIENCE . SEMESTER-II. DSC/ GE

MODEL QUESTIONS PAPER

1) মোট কতজন সদস্য নিয়ে গণপরিষদ গঠিত হয় ? সদস্যদের মধ্যে কতজন নির্বাচিত আর কতজন মনোনীত ছিলেন?

উত্তর: গণপরিষদের মোট সদস্য ছিল 389 জন এদের মধ্যে 296 জন নির্বাচিত এবং 93 জন মনোনীত সদস্য ছিলেন।

2) ভারতের সংবিধান রচিত ও গৃহীত হতে মোট কত দিন সময় লেগেছে?

উত্তর: সংবিধান রচনা ও গৃহীত হতে মোট 2 বছর 11 মাস 17 দিন অর্থাৎ প্রায় তিন বছর সময় লেগেছে।

3) 1976 সালে সম্পাদিত সংবিধানের 42 তম সংশোধনীর দ্বারা ভারতীয় সংবিধানের প্রস্তাবনা কি কি পরিবর্তন হয়েছে?

উত্তর: 1976 সালের 42 তম সংশোধনের মাধ্যমে ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় 'সমাজতান্ত্রিক', 'ধর্মনিরপেক্ষ', 'জাতীয় সংহতি' প্রভৃতির কথা অন্তর্ভুক্ত হয়েছে।

4) ভারতীয় সংবিধানের 17 নম্বর ধারায় কি বলা হয়েছে?

উত্তর: ভারতীয় সংবিধানের 17 নম্বর ধারায় অস্পৃশ্যতার বিলোপ সাধন করা হয়েছে এবং অস্পৃশ্যতার আচরণ নিষিদ্ধ করা হয়েছে। 1955 সালের পার্লামেন্ট অস্পৃশ্যতা সংক্রান্ত অপরাধ আইন পাস করে অস্পৃশ্যতা আচরণের জন্য প্রয়োজনীয় দণ্ডদানের ব্যবস্থা করেছে।

5) মৌলিক অধিকার বলবৎ করার উদ্দেশ্যে কি কি লেখ জারি করা যেতে পারে?

উত্তর: মৌলিক অধিকার বলবৎ করার উদ্দেশ্যে ভারতীয় সংবিধানে পাঁচ প্রকার লেখ জারি করার কথা উল্লেখ আছে 1) বন্দী প্রত্যক্ষীকরণ 2) পরমাদেশ 3) প্রতিশোধ 4) অধিকার পৃচ্ছা 5) উৎপ্রেষণ।

6) বন্দী প্রত্যক্ষীকরণ বলতে কী বোঝায়?

উত্তর: বন্দী প্রত্যক্ষীকরণ এর ইংরেজি প্রতিশব্দ 'Heaveas Corpus' একটি ল্যাটিন শব্দ যার অর্থ হলো সশরীরে হাজির করা। কোন ব্যক্তিকে আটক করা হলে উক্ত ব্যক্তি বা তার কেউ আদালতের নিকট আবেদন জানালে আদালত আটক ব্যক্তিকে এবং আটককারী কর্তৃপক্ষকে আদালতে হাজির হতে নির্দেশ দেয় এবং আটক বেআইনি হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে মুক্তির আদেশ দেয়। সুপ্রিমকোর্ট এবং হাইকোর্টে যথাক্রমে 32 এবং 226 নং ধারা বলে এই লেখ জারি করতে পারে।

7) ভারতের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হওয়ার জন্য কি কি যোগ্যতা প্রয়োজন?

উত্তর: রাষ্ট্রপতি হতে হলে প্রার্থীকে 1) ভারতের নাগরিক হতে হবে 2) নূনতম 35 বছর বয়স্ক হতে হবে 3) লোকসভার সদস্য হওয়ার যোগ্যতা সম্পন্ন হতে হবে 4) কোন সরকারি লাভজনক পদে থাকা চলবে না 5) তার মনোনয়নপত্র 50 জন নির্বাচক দ্বারা প্রস্তাবিত এবং 50 জন নির্বাচক দ্বারা সমর্থিত হতে হবে।

8) পকেট ভেটো বলতে কি বোঝায়?

উত্তর: অর্থবিল ও সংবিধান সংশোধন সংক্রান্ত বিল ছাড়া কোন বিল রাষ্ট্রপতির কাছে প্রেরিত হলে তিনি সম্মতি না দিয়ে বা পুনর্বিবেচনার জন্য পার্লামেন্টে ফেরত না পাঠিয়ে অনির্দিষ্টকালের জন্য বিলটিকে আটকে রাখতে পারেন একেই বলে পকেট ভেটো।

9) কিচেন ক্যাবিনেট কি?

উত্তর: সাধারণত দেখা যায় প্রধানমন্ত্রী তাঁর ক্যাবিনেটের সদস্যদের মধ্যে 2/3 জনের সঙ্গে বেশি ঘনিষ্ঠতা বজায় রাখেন এবং তাদের সঙ্গে পরামর্শ করে যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ ও সরকারি কার্যাবলী পরিচালনা করেন।

10) রাষ্ট্রপতির জরুরি অবস্থা সংক্রান্ত ক্ষমতা কয় প্রকার এবং কি কি?

উত্তর: সংবিধান অনুসারে রাষ্ট্রপতি তিন ধরনের জরুরি অবস্থা জারি করতে পারেন 1) জাতীয় জরুরি অবস্থা 2) রাজ্যের শাসনতান্ত্রিক অচলাবস্থা ঘোষণা 3) আর্থিক জরুরি অবস্থা।